

যে যাবে অনেক দূর

যে যাবে অনেক দূর, তাকে বলি—বীর পায়ে হাঁটো;
এতেটা অস্থির হলেই শুভেই
শৃঙ্গজয় দূরে সরে যাবে।
কে কাকে করবে জয়? কার জন্যে কে পথে দাঁড়াবে?
নিজেকে খনন ক'রে ক'রে যতো
খনির গভীরে যাবে নেমে
দূরে স'রে যাবে তুচ্ছ সংসার সমাজ রাজ্যপাটও;
একটি বিন্দুতে চোখ স্থির রাখো; দিয়ে তার প্রেমে
সর্বস্ব তোমার, দেখবে একদিন সে ছুঁয়েছে তোমাকে।

যে দেয় সর্বস্ব, সেও সব দেয় তাকে;
তাকেই সে খায়, রাখে, পৌঁছে দেয় পাড়ার চুড়ায়;
অচঞ্চল পায়ে হাঁটে,
নেই কোনো সহজের প্রতিযোগিতায়,
যে কবি, নিজেকে খুঁড়ে পাথরের তল থেকে
তুলে আনে পিপাসার জল
সে গেছে অনেক দূর, পান করে নীলকণ্ঠ-
অমৃত, গরল।

পবিত্র মুখোপাধ্যায়

